



২ এর পাতা

আমরা শুধুমাত্র হাঁটার কাছেই নক

দৈনিক আনিরবান

THE DAILY ANIRVAN

খুলনা মঙ্গলবার ২৪ মে ২০১৬ ইং

বিশ্ব প্রাণ বৈচিত্র্য দিবস ২০১৬ উদযাপন

বিজ্ঞপ্তি : বিশ্ব প্রাণ বৈচিত্র্য দিবসের এক আলোচনা সভায় অংশগ্রহণকারীরা সুন্দরবন ও সুন্দরবনের জীববৈচিত্র্য সংরক্ষণের উপর বিশেষ গুরুত্বারোপ করেছেন। অংশগ্রহণকারীরা বলেন, প্রাকৃতিক নৈসর্গের বেলাভূমি এই সুন্দরবনকে কেন্দ্র করে আবর্তিত হয় বহু মানুষের জীবন-জীবিকা। আবার অপরিবর্তিতভাবে সম্পদ আহরণের ফলে সুন্দরবন ও এর জীববৈচিত্র্য প্রতিনিয়ত ক্ষতিগ্রস্ত হচ্ছে, আর হয়ে পড়ছে হুমকির সম্মুখীন। সুন্দরবন ও তার জীববৈচিত্র্যকে রক্ষায় সকলকে এগিয়ে আসতে বক্তারা আহবান জানান।

দিনটি উপলক্ষে গত ২২ মে বাংলাদেশ এনভায়রনমেন্ট এ্যান্ড ডেভেলপমেন্ট সোসাইটি (বেডস) সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার মথুরাপুর জেলেপল্লীতে বেডস-এর নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রে দিনব্যাপী এক কর্মসূচীর আয়োজন করে। এতে ছিল দিবসটির ইতিহাস ও গুরুত্ব বিষয়ক আলোচনা, জেলে পরিবারে ছেলে-মেয়েদের মধ্যে ম্যানগ্রোভ সমাজ ও আমাদের জন্য গুরুত্বপূর্ণ শীর্ষক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও র্যালী। আলোচনা সভায় সভাপতিত্ব করেন বনবিভাগের মুন্সিগঞ্জ স্টেশন অফিসার বাবু সমাগত রায়। উপস্থিত ছিলেন, মুন্সিগঞ্জ চেয়ারম্যান জনাব আবুল কাশেম মোড়ল, জাপান এনভায়রনমেন্টাল এডুকেশন ফোরামের প্রতিনিধি জনাব হিডেকী স্যাটো, জাপান সরকারের ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব তাটশিহিরো স্ব্যাটো, বেডস-এর প্রধান নির্বাহী জনাব মাকছুদুর রহমান, এবং বেডস-এর সহকারী অন্যান্য ব্যক্তিবর্গ। আলোচনা সভায় বেডস-এর প্রধান নির্বাহী জনাব মাকছুদুর রহমান বলেন, সকলের ঐ কান্তিক প্রচেষ্টা, সচেতনতা ও সহযোগিতার মনোভাবই পারে সুন্দরবন ও এর জীববৈচিত্র্য সংরক্ষণে বড় ভূমিকা পালন করতে। সভাপতি তার বক্তব্যে আশাবাদ ব্যক্ত করেন যে টেকসভাবে সম্পদ আহরণের মধ্যদিয়ে উপকূলীয় অঞ্চলের জনগণ সুন্দরবন ও এর জীববৈচিত্র্য সংরক্ষণে বিশেষ ভূমিকা রাখবে।



22 MAY 2016
INTERNATIONAL DAY
FOR BIOLOGICAL DIVERSITY
Mainstreaming Biodiversity;
Sustaining People and their Livelihoods

দৈনিক

মুক্ত প্রকাশ, মুক্ত বিকাশ

খুলনাঞ্চল

The Daily khulnanchal

মঙ্গলবার ২৪ মে ২০১৬ ১০ জৈষ্ঠ্য ১৪২৪ বঙ্গাব্দ ১৬ শাবান ১৪৩৭ হিজরী



শ্যামনগর জেলেপল্লীতে বিশ্ব প্রাণ বৈচিত্র্য দিবস উদযাপন

● সাতক্ষীরা প্রতিনিধি

বিশ্ব প্রাণ বৈচিত্র্য দিবসের এক আলোচনা সভায় অংশগ্রহণকারীরা সুন্দরবন ও সুন্দরবনের জীববৈচিত্র্য সংরক্ষণের উপর বিশেষ গুরুত্বারোপ করেছেন।

অংশগ্রহণকারীরা বলেন, প্রাকৃতিক নৈসর্গের বেলাভূমি এই সুন্দরবনকে কেন্দ্র করে আবর্তিত হয় বহু মানুষের জীবন-জীবিকা। আবার

অপরিকল্পিতভাবে সম্পদ আহরণের ফলে সুন্দরবন ও এর জীববৈচিত্র্য প্রতিনিয়ত ক্ষতিগ্রস্ত হচ্ছে, আর হয়ে পড়ছে হুমকির সম্মুখীন। সুন্দরবন ও এর জীববৈচিত্র্যকে রক্ষায় সকলকে এগিয়ে আসতে বঙ্গারা আহ্বান জানান।

দিনটি উপলক্ষে রবিবার বাংলাদেশ এনভায়রনমেন্ট এ্যান্ড ডেভেলপমেন্ট সোসাইটি (বেডস) সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার মথুরাপুর জেলেপল্লীতে বেডস-এর নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রে দিনব্যাপী এক কর্মসূচীর আয়োজন করে। এতে ছিল দিবসটির ইতিহাস ও গুরুত্ব বিষয়ক আলোচনা; জেলে পরিবারের ছেলে-মেয়েদের মধ্যে স্কেন ম্যানগ্রোভ সমাজ ও আমাদের জন্য গুরুত্বপূর্ণ শীর্ষক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও র্যালী।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন বনবিভাগের মুন্সিগঞ্জ স্টেশন অফিসার সমাগত রায়। উপস্থিত ছিলেন, মুন্সিগঞ্জ

চেয়ারম্যান আবুল কাশেম মোড়ল, জাপান এনভায়রনমেন্টাল এডুকেশন ফোরামের প্রতিনিধি হিডেকী স্যাটো, জাপান সরকারের ভারপ্রাপ্ত কর্মকর্তা তাটশিহিরো খ্যাটো, বেডস-এর প্রধান নির্বাহী মাকছুদুর রহমান, এবং বেডস এর সহকারী অন্যান্য ব্যক্তিবর্গ।

প্রকাশনার ২২ বছর সত্য তথ্যের সন্ধানে প্রতিদিন

দৈনিক তথ্য

সম্পাদক মন্ডলীর সাবেক সভাপতি : স্বর্গস্থ আলহাজ্ব সারোয়ার খান The Daily Tathya

সম্পাদকীয়

খুলনা মঙ্গলবার ২৪ মে ২০১৬

মধু প্রক্রিয়াজাতকরণ, মোড়কজাতকরণ ও পণ্য তৈরী বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

মধু প্রক্রিয়াজাতকরণ, মোড়কজাতকরণ ও পণ্য উৎপাদনের মাধ্যমে শ্যামনগর উপজেলার সুন্দরবন মৌয়াল সমবায় সমিতির ৫০টি মৌয়াল পরিবারের নারী সদস্যকে সম্পৃক্ত করে ৯ দিন ব্যাপি দরিদ্র মৌয়াল পরিবারের আর্থিক স্বচ্ছলতা নিশ্চিত করতে ও জীবনমান উন্নয়নের লব্ধে এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। গত ২০ মে শ্যামনগর উপজেলার বুড়িগোয়ালিনী ইউনিয়নের নিলডুমুর ডাকবাংলোতে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন হয়। উদ্বোধন করেন জাপান এনভায়রনমেন্টাল এডুকেশন ফোরামের প্রতিনিধি জনাব হিডেকী স্যাটো। এ প্রশিক্ষণ চলবে আগামী ২৮ মে পর্যন্ত। জাপানের বৈদেশিক সম্পর্ক বিষয়ক মন্ত্রণালয় তৃণমূল প্রকল্পের আর্থিক সহযোগীতায় বেসরকারী সংগঠন বাংলাদেশ এনভায়রনমেন্ট এন্ড ডেভেলপমেন্ট সোসাইটি (বেডস) এবং জাপানের একটি পরিবেশবাদী সংগঠন জাপান এনভায়রনমেন্টাল এডুকেশন ফোরাম (জীফ) কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের অংশ হিসেবে এই প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাপান এনভায়রনমেন্টাল এডুকেশন ফোরাম (জীফ) এর পব থেকে জনাব হিডেকী স্যাটো ও জনাব তাকসুহিরো খ্যাটো, বন বিভাগের শ্রী শ্যামাপদ রায় ও জনাব মোঃ শহিদুল ইসলাম। এছাড়া বেডস এর

পব থেকে প্রধান নির্বাহী জনাব মাকছুদুর রহমান এবং বেডস এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ। আলোচনা সভায় মধুর প্রক্রিয়াজাতকরণ, মধুর মোড়কজাতকরণ ও মধু থেকে বিভিন্ন পণ্য উৎপাদন নিয়ে আলোচনা করা হয়। আলোচনা সভায় উপস্থিত অংশগ্রহণকারীগণ এসকল কর্মকাণ্ডের সাথে জড়িত থেকে স্বাবলম্বী হওয়ার প্রত্যাশায় সকলকে নিজ নিজ অবস্থান থেকে ছমিকা রাখার অঙ্গীকার ব্যক্ত করেন। খবর বিজ্ঞপ্তি